গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০১৫.২২. ১৬৭৯-৩/৩ তারিখ: ২০ জ্যেষ্ঠ ১৪৩৩ / ০৩ জুন ২০২৬

অফিস আদেশ

যেহেতু শেখ ফারুক সুমন, অফিস সহায়ক, জেলা সমবায় কার্যালয়, বরগুনা সাবেক অফিস সহায়ক সমবায় অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে যথাক্রমে: (১) সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৪.০১১. ০১৯.২০১৬ জি-১৭৯০ (৯০)-এ/ও, তারিখ: ১০.১১.২০২১ মূলে সমবায় অধিদপ্তরের নিয়োগের লিখিত পরীক্ষায় দায়িত্ব পালনের জন্য তাকে দায়িত্ব প্রদান করা হয়; (২) তিনি বিগত ২৬/১২/২০২১ খ্রিঃ তারিখের পরীক্ষায় দায়িত্বপালনের জন্য গঠিত কমিটির অন্যান্য সদস্যদের সাথে পরীক্ষার কেন্দ্রে গমন করেননি; (৩) তিনি পরীক্ষা আরম্ভ হওয়ার পর পরীক্ষর কেন্দ্রে উপস্থিত হন এবং বিষয়টি তিনি গঠিত কমিটির আহবায়ককে অবহিত করেননি, যা তার দায়িত্ব পালনে গাফিলতি ও অবহেলার শামিল। বর্ণিত ০৩টি অভিযোগে সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৪.০৮.২৮৯.১৩.৩৫৫, তারিখ: ৩১.০৩.২০২২ মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে ১০/২১-২২ নম্বর বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মচারী শেখ ফারুক সুমন ০৯.০৫.২০২৩ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং লিখিত জবাবে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষন করেন, সে পরিপ্রেক্ষিতে বিগত ১৮.০৯.২০২৩ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবাব সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০১৫.২২.জি (মামলা নং-১০)-১০৪৬(৪)-এ/ও, তারিখ: ২৪.০৯.২০২৩ মূলে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন মোতাবেক শেখ ফারুক সুমন, অফিস সহায়ক এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক রুজুকৃত ১০ নং বিভাগীয় মামলার অভিযোগের বিষয়ে কোন তথ্য পাওয়া যায়নি মর্মে মন্তব্য করেছেন;

যেহেতু তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু শেখ ফারুক সুমন, অফিস সহায়ক, জেলা সমবায় কার্যালয়, বরগুনা সাবেক অফিস সহায়ক সমবায় অধিদপ্তর, ঢাকা-কে সতর্ক অন্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ক) মোতাবেক মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

3/6/2026

(মোঃ সেলিম ফকির, এনডিসি)
নিবন্ধক ও মহাপরিচালক
ফোনঃ ৪৮১১৯৬০৫

F:\মামলা\অব্যাহতি.docx

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০১৫.২২.৯৩৭৯/২(৫)-৬/৩ তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৬ জুন ২০২৬

অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) -

১। যুগ্ম নিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল।
২। জেলা সমবায় অফিসার, বরগুনা।
৩। জেলা হিসাবরক্ষণ অফিসার, বরগুনা।
৪। সহকারী প্রোগ্রামার (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫। শেখ ফারুক সুমন, অফিস সহায়ক, জেলা সমবায় কার্যালয়, বরগুনা সাবেক অফিস সহায়ক সমবায় অধিদপ্তর, ঢাকা।
৬। সংশ্লিষ্ট নথি।

(মোঃ সেলিম ফকির, এনডিসি)
নিবন্ধক ও মহাপরিচালক
ফোনঃ ৪৮১১৯৩০৫

F:\মামলা\অব্যাহতি.docx